

■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮০৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ খতুবতী মহিলারা মুসলিমদের সৈদে উপস্থিত হলে, তাদের জন্য আবশ্যিক হলো তারা মুসল্লার এক পাশে থাকবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْحُيَضَ إِذَا شَهِدْنَا أَعْيَادَ الْمُسْلِمِينَ يَجِبُ أَنْ يَكُنَّ نَاحِيَةً مِنَ الْمُصَلَّى

আরবী

2806 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلَيِّ بْنِ الْمُتَّنَى قَالَ: حَدَّثَنَا زَكَرِيَّا بْنُ يَحْيَى الْوَاسِطِيُّ قَالَ: حَدَّثَنَا هُشَيْمٌ عَنْ هِشَامٍ بْنِ حَسَانَ عَنْ حَفْصَةَ: عَنْ أُمِّ عَطِيَّةَ قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُخْرِجُ الْعَوَاتِقَ وَذَوَاتِ الْخُدُورِ وَالْحُيَضَ يَوْمَ الْعِيدِ فَأَمَّا الْحُيَضُ فَيَعْتَزِلُنَّ الْمُصَلَّى وَيَشْهَدُنَّ الْخَيْرَ وَدَعْوَةَ الْمُسْلِمِينَ فَقَالَتْ إِحْدَاهُنَّ: فَإِنْ لَمْ يَكُنْ لِإِحْدَانَا جِلْبَابٌ؟ قَالَ: (لِتُعْرِهَا أَخْتَهَا جِلْبَابَهَا)

الراوي : أُمِّ عَطِيَّةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات
الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2806 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))
. (1041): ق.

বাংলা

২৮০৬. উম্মু আতিয়াহ রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সৈদের দিন কুমারী, পর্দানশীল ও খতুবতী নারীদের বের করতেন। খতুবতী নারীরা মুসল্লা থেকে দূরে থাকবে এবং কল্যাণ ও মুসলিমদের দু'আয় উপস্থিত হবে। তখন তাদের একজন বললো, “যদি আমাদের কারো চাদর না থাকে?” জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “তবে তার বোন যেন তাকে তার চাদর ধার দেয়।”[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ১৩০৭; মুসনাদ আহমাদ: ৫/৮৪; দারেমী: ১/৩৭৭; সহীহ মুসলিম: ৮৯০; মুসনাদ আহমাদ:

৫/৮৪; সহীলুল বুখারী: ৩২৪; নাসাই: ৩/১৮০; আবু দাউদ: ১১৩৭; ইবনু মাজাহ: ১৩০৮।

হাদিসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহল্লাহ হাদিসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১০৪১)

হাদিসের মান: **সহীহ (Sahih)** পুঁঁজিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উম্মু আতিয়াহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92136>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন